
তারিখ ..... 18 APR 2017
পৃষ্ঠা ..২...৬. কলাম.... ৭......

সমকাল

# '১১ বছরেই এইচএসসি পাস!'

■ সমকাল ডেস্ক

মাত্র ১১ বছর বয়সে আর কী-ই বা করা যায়? তবে এ বয়সেই অগস্ত্য জয়সওয়াল নামের এক বালক বিদ্যা-বুদ্ধি দিয়ে সবাইকে তাক লাগিয়ে দিয়েছে। সে দ্বাদশ শ্রেণির (এইচএসসি) পরীক্ষায় অংশ নিয়ে কৃতিত্বের সঙ্গে পাস করেছে। বিস্ময়কর এই বালক ভারতের হায়দরাবাদের ইউসুফগুডার সেন্ট মেরিস জুনিয়র কলেজের ছাত্র।




চলতি বছরের মার্চে দ্বাদশ শ্রেণির পরীক্ষা হয়। গতকাল রোববার সেই পরীক্ষার ফল প্রকাশিত হয়। অগস্ত্য ৬৩ শতাংশ নম্বর পেয়ে পাস করেছে বলে জানিয়েছেন তার বাবা অশ্বিনী কুমার। তার দাবি, গোটা তেলেঙ্গানা রাজ্যে এত অল্প বয়সে এর আগে কেউ দ্বাদশ শ্রেণির পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি। দ্বাদশ শ্রেণিতে তার বিষয় ছিল বাণিজ্য, অর্থনীতি ও পৌরনীতি।

২০১৫ সালে মাত্র নয় বছর বয়সেই দশম শ্রেণি পাস করে অগস্ত্য। বয়সে খুব ছোট হওয়ায় সেই পরীক্ষা দেওয়ার জন্য তাকে বিশেষ অনুমতি নিতে হয়েছিল। কিন্তু এবার দ্বাদশ শ্রেণির পরীক্ষা দেওয়ার জন্য কোনো অনুমতি নিতে হয়নি তার। বিরল সাফল্যের পর ভবিষ্যৎ ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## ১১ বছরেই

[শেষ পৃষ্ঠার পর]

পরিকল্পনার বিষয়ে হিন্দুস্তান টাইমসকে অগস্ত্য বলে, 'আগামী তিন বছরের মধ্যে আমি বাণিজ্যে স্নাতক শেষ করতে চাই। তবে আমার প্রধান লক্ষ্য একজন চিকিৎসক হওয়া।'

বাণিজ্যে স্নাতক করে চিকিৎসক হওয়ার বিষয়টি একটু গোলমেলে মনে হতে পারে। তবে চিকিৎসক হওয়ার ব্যাপারে সে বলে, 'বাণিজ্যে স্নাতক শেষ করার পর আমি আবারও দ্বাদশ শ্রেণির পরীক্ষায় অংশ নেব। সেখানে এবার পড়ার বিষয় থাকবে জীববিজ্ঞান, পদার্থ ও রসায়ন। এরপর আমি চিকিৎসাবিজ্ঞানে ভর্তি হওয়ার জন্য পরীক্ষা দেবো এবং এমবিবিএস কোর্সে ভর্তি হবো।'

জয়সওয়াল পরিবারের এমন কৃতিত্ব এটাই প্রথম নয়। এর আগে অগস্ত্যর বোন আন্তর্জাতিক মানের টেবিল টেনিস খেলোয়াড় নয়না জয়সওয়ালও একই ধরনের কৃতিত্ব দেখিয়েছিলেন। নয়না ওসমানিয়া বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে স্নাতক হয়েছিলেন মাত্র ১৫ বছর বয়সে। তিনি এখন পিএইচডি করছেন। সূত্র : হিন্দুস্তান টাইমস ও আনন্দবাজার পত্রিকা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..................
তারিখ..................

| | |
|---|---|
| উপ. পরিসংখ্যান বিভাগ | |
| টিম. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর